

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪২২

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯) বিশেষ করে এশা ও ফজর নামায জামাআতের সাথে পড়ার প্রতি উদ্বুদ্ধকরণ এবং এ দু'নামাযের জামাআতে অনুপস্থিত থাকার প্রতি ভীতি প্রদর্শন

الترغيب في صلاة العشاء والصبح خاصة في جماعة والترهيب من التأخر عنهما

আরবী

(صحیح موقوف) وروي عن میثم رجل من أصحاب رسول الله صلَّى اللَّهُ عَلَیْهِ وَسَلَّمَ قال بلغني أن الملك یغدو برایته مع أول من یغدو إلى المسجد فلا یزال بها معه حتی یرجع فیدخل بها منزله وإن الشیطان یغدو برایته إلى السوق مع أول من یغدو فلا یزال بها معه حتی یرجع فیدخلها منزله

رواه ابن أبي عاصم وأبو نعيم في معرفة الصحابة وغيرها

বাংলা

8২২. (সহীহ্ মাওকৃফ) মিছাম নামক নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর জনৈক সাহাবী হতে বর্ণিত। তিনি বলেন, আমার কাছে এই সংবাদ পৌঁছেছে যে, ফেরেশতা পতাকা বহন করেন ঐ ব্যক্তির সাথে যে সর্বপ্রথম মসজিদে প্রবেশ করে, তিনি পতাকা নিয়ে তার সাথে অবস্থান করতেই থাকেন যতক্ষন সে তার গৃহে ফিরে না আসে। আর শয়তান পতাকা বহন করে ঐ ব্যক্তির সাথে যে সর্বপ্রথম বাজারে প্রবেশ করে, সে পতাকা নিয়ে তার সাথে অবস্থান করতেই থাকে যতক্ষন সে নিজ গৃহে ফিরে না আসে। (অর্থাৎ নামায়ীর সাথে ফেরেশতা ও বেনামায়ীর সাথে শয়তানের অবস্থান)

(ইবনে আবী আসেম ৫/১৮৩, আবু নুআ'ইম [মা'রেফতুস সাহাবা] গ্রন্থে বর্ণনা করেছেন ২/২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88193

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন